

আদার কন্দ পঁচা রোগ দমনে কৃষক ভাইদের করণীয়

কন্দ পঁচা রোগ আদা ফসলের মারাত্মক ক্ষতি করে এবং এ রোগ আদার ফলন আংশিক থেকে সম্পূর্ণ নষ্ট হওয়ার সম্ভাবনা থাকে। ছত্রাক, রাইজম ফ্লাই ও কৃমির সংঘবদ্ধ আক্রমণে এ রোগের প্রধান কারণ।

এ রোগের লক্ষণ

প্রাথমিকভাবে এ রোগে গাছের নিচের দিকের পাতার অগ্রভাগ হলুদাভ দেখায়। পরে উপরে ও নীচের সমস্ত পাতা হলুদ হয়ে ঝিমিয়ে পড়ে। পঁচনের ফলে কন্দ নরম হয়ে ফুলে উঠে। পঁচা গন্ধে আকৃষ্ট হয়ে রাইজম ফ্লাই নামক পোকা আদায় আক্রমণ করে। আক্রান্ত গাছ টান দিলে সহজে উঠে আসবে।

দমন ব্যবস্থাপনা

রোগ প্রকাশ পাওয়ার সাথে সাথে কাভ ও মাটির সংযোগস্থলে ব্লাইটক্স ৫০ এক লিটার পানিতে ৪ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করুন। এর ১০ থেকে ১২ দিন পর রিডোমিল গোল্ড এক লিটার পানিতে ৪ গ্রাম অথবা সিকিউর এক লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করুন। এভাবে পর্যায়ক্রমিকভাবে ৪-৫ সপ্তাহ পর্যন্ত স্প্রে করুন। পঁচা দুর্গন্ধ রেড় হলে রাইজম ফ্লাই পোকা দমনের জন্য ডাসবান ১০জি বা সেভিন এক লিটার পানিতে ২ গ্রাম হারে মিশিয়ে ১০ দিন পর পর ২-৩ বার স্প্রে করুন। এছাড়া আক্রান্ত গাছ রাইজোমসহ সম্পূর্ণরূপে তুলে ধ্বংস করতে হবে।

পরবর্তী মৌসুমে করণীয়

একই জমিতে বার বার আদা চাষ না করা। ব্যাভিস্টিন বা অনুমোদিত যেকোন ছত্রাকনাশক দিয়ে বীজকন্দ শোধন করে রোপণ করা। এছাড়া আদা চাষের জন্য উঁচু সুনিষ্কাশিত সুবিধায়ুক্ত জমি নির্বাচন করতে হবে।

বিস্তারিত পরামর্শের জন্য কাছের উপজেলা কৃষি অফিস অথবা উপসহকারি কৃষি অফিসারের সাথে যোগাযোগ করুন। তাছাড়া কৃষি তথ্য সার্ভিসের কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে শুক্রবার ব্যতিত প্রতিদিন সকাল ৯টা হতে বিকেল ৫টা পর্যন্ত ফোন করে বিস্তারিত জেনে নিন।

প্রচারে:

কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক অফিস, রংপুর।